



## চীনা ভাষায় নতুন ওয়েবসাইটের উদ্বোধন করলেন আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান



আহমদীয়া মুসলিম জামা'ত ঘোষণা করতে পেরে আনন্দিত যে, ২ এপ্রিল ২০২১ আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান, পঞ্চম খলীফাতুল মসীহ হযরত মির্যা মসরুর আহমদ (আই.) চীনা ভাষায় আহমদীয়া মুসলিম জামা'তের একটি অফিসিয়াল ওয়েবসাইটের (islam.cn) উদ্বোধন করেছেন।

হযুর আকদাস জুমুআর খুতবাতে এটি উদ্বোধনের ঘোষণা প্রদানের পর, ইসলামাবাদের টিলফোডে অবস্থিত মুবারক মসজিদ থেকে ওয়েবসাইটটি আনুষ্ঠানিকভাবে সচল করেন।

উদ্বোধনের পরে, হযুর আকদাস আল্লাহ তা'লার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে দোয়া পরিচালনা করেন।

হযুর আকদাস, জুমুআর খুতবায় উক্ত ওয়েবসাইটটি সম্পর্কে বলেন যে, নতুন ওয়েবসাইটটি ইসলামের বাণী ছড়িয়ে দেওয়ায় এবং চীনা ভাষাভাষী মানুষের কাছে আহমদীয়া মুসলিম জামা'তের ধর্মবিশ্বাস ও শিক্ষা উপস্থাপনের জন্য একটি প্ল্যাটফর্ম হবে।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“জুমুআর নামাযের পর আমি আহমদীয়া মুসলিম জামা'তের চীনা ডেস্কের একটি নতুন অফিসিয়াল ওয়েবসাইট উদ্বোধন করবো। এই ওয়েবসাইটের মাধ্যমে মানুষ ইসলাম এবং আহমদীয়া মুসলিম জামা'ত সম্পর্কে চীনা ভাষায় তথ্য লাভ করতে সক্ষম হবে। আহমদীয়া মুসলিম জামা'তের মূল ওয়েবসাইট alislam.org এর মাধ্যমে এতে যাওয়া যাবে এবং সরাসরিও এতে যাওয়া যাবে।”

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) আরও বলেন:



“ওয়েবসাইটের সবকিছু বিষয়বস্তু অনুসারে বিন্যস্ত রয়েছে। এর মধ্যে পবিত্র কুরআনের চীনা অনুবাদের নতুন সংশোধিত সংস্করণ এবং আরও ২৩টি বই ও প্রচারপত্র রয়েছে। এছাড়াও এখানে অনেক প্রশ্নের উত্তর রয়েছে এবং এতে ‘প্রতিশ্রুত মসীহ’ শিরোনামে একটি বিভাগ রয়েছে, যেখানে প্রতিশ্রুত মসীহ (আ.) এবং আহমদীয়া মুসলিম জামা’তের খলীফাদের পরিচিতি বিদ্যমান।”

নতুন ওয়েবসাইটের সাফল্য এবং চীনা জনগণের জন্য দোয়া করে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“সর্বশক্তিমান আল্লাহ্ এই ওয়েবসাইটটিকে চীনা জনগণের জন্য হেদায়াতের এক উৎসে পরিণত করুন এবং ইসলাম তথা আহমদীয়া মুসলিম জামা’তকে গ্রহণ করার জন্য তাদের হৃদয়কে উন্মুক্ত করুন।”